# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৬.৯৯.০০১.২০-১১

তারিখ: ৩০ মাঘ ১৪২৯ বং / ১৩ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি:

**বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসায় শিক্ষার্থী ভর্তির সময় অনলাইন জন্মনিবন্ধন অনুসারে জন্ম তারিখ লিপিবদ্ধকরণ প্রসঙ্গে**

**সূত্র:** (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.৩৩.০০২.২৩-১৪৬, তারিখ: ০৯/০২/২০২৩

(২) স্থানীয় সরকার বিভাগের আধা-সরকারি পত্র নং ৪৬.০০.০০০০.০১৮.৯৯.০২৩.১৯-৪৩, তারিখ: ২৯/০১/২০২৩

উপযুক্ত বিষয় ও সূত্রোদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসায় শিক্ষার্থী ভর্তির সময় ভর্তি সংশ্লিষ্ট কাগজপত্রে শিক্ষকগণ শিশুর অনলাইন জন্মনিবন্ধন অনুসারে জন্ম তারিখ লিপিবদ্ধ করার এবং প্রতিষ্ঠান হতে শিক্ষা ছাড়পত্র প্রদানের সময় ছাড়পত্রের সনদে ভর্তির সময় প্রদত্ত জন্ম তারিখ উল্লেখ করা এবং সংযুক্ত পত্রসমূহ অনুসরণপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য সুপার/অধ্যক্ষ ও পরিচালনা কমিটিকে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৩.০২.২৩

**(মোঃ সিদ্দিকুর রহমান)**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

১৩.০২.২৩

**প্রাপক: সুপার/অধ্যক্ষ ও পরিচালনা কমিটি,**
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসা।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৬.৯৯.০০১.২০-১১

তারিখ: ৩০ মাঘ ১৪২৯ বং / ১৩ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি:

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
২। প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও বহুল প্রচারের অনুরোধসহ);
৩। মাদ্রাসা পরিচালনা কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসা;
৪। অফিস কপি।

...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

প্রশাসন ও সংস্থাপন শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.tmed.gov.bd

চেয়ারম্যান মহোদয়ের দপ্তর
ডায়রী নং ২০২
তারিখ-
রেজিস্ট্রার
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
কারিকুলাম/ হিফজ
উপ-রেজিস্ট্রার প্রশাঃ/কমন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক সনদ
আইসিটি সেল/কম্পিউটার কেন্দ্র
শাঃ শিঃ
জরুরী আলাপ করুন/ব্যবস্থা নিন
চেয়ারম্যান

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৩৩.০০২.২৩.১৪৬ তারিখ: ২৬ মাঘ ১৪২৯

০৯ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সময় অনলাইন জন্মনিবন্ধন অনুসারে জন্ম তারিখ লিপিবদ্ধকরণ প্রসঙ্গে**

সূত্র: স্থানীয় সরকার বিভাগের আধা-সরকারি পত্র নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০২৩.১৯-৪৩ তারিখ: ২৯.০১.২০২৩.

উপর্যুক্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগ থেকে সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত আধা-সরকারি পত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১। স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত আধা-সরকারি পত্র (8053/potrojariAttachmentRef/34732/0/4337)

৯-২-২০২৩

মোঃ কামরুল হাসান
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৪১৬
ফ্যাক্স: ০২-৯৫৮৪৪৬৬
ইমেইল: dsadmin@tmed.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা

২) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৩৩.০০২.২৩.১৪৬/১(৫) তারিখ: ২৬ মাঘ ১৪২৯

০৯ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৩) সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সিনিয়র সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৪) সিস্টেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) অফিস কপি

৯-২-২০২৩

মোঃ কামরুল হাসান
উপসচিব

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর
ডায়রী নং ২৮৩
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
প্রকাশনা নিয়ন্ত্রক
উপ-রেজিস্ট্রার প্রশাসন/কমন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক গোপ/পরীক্ষা
হিসাবরক্ষণ কর্মকর্তা
আইসিটি/কম্পিউটার কেন্দ্র
উপ-সহকারী প্রকৌশলী
রেজিস্ট্রার
২২-২-২৩

মুহম্মদ ইব্‌রাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

ডি.ও. নং- ৪৬.০০.০০০০.০১৮.৯৯.০২৩.১৯- ৪৬

তারিখ: ১৫ মাঘ ১৪২৯
২৯ জানুয়ারি ২০২৩

শ্রদ্ধেয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, সরকার দেশের সকল নাগরিকের জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যক্রম পরিচালনা করছে। জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ এর ধারা ৮ (১) অনুযায়ী শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্মের তথ্য নিবন্ধকের নিকট সরবরাহের জন্য বাধ্যবাধকতা রয়েছে। শিশুর জন্মের পর জন্ম সংক্রান্ত তথ্য যথা জন্ম তারিখ, জন্মের স্থান, পিতা-মাতার নাম, ধর্ম ও সংশ্লিষ্ট তথ্য নিবন্ধক অনলাইনে লিপিবদ্ধ করেন এবং এসকল তথ্যের ভিত্তিতে ব্যক্তির চাহিদা মোতাবেক জন্ম সনদ প্রদান করে থাকেন।

২। রাষ্ট্রের প্রত্যেক নাগরিকের জন্য জন্ম সনদ প্রাথমিক সনদ হিসেবে বিবেচিত হয়। জন্ম নিবন্ধনের সময় জন্ম সনদে উল্লিখিত তারিখ প্রত্যেক নাগরিকের বয়স গণনার আইনগত ভিত্তি। বর্তমানে প্রতিটি শিশুর প্রাথমিক স্কুলে ভর্তির সময় জন্ম সনদে উল্লিখিত তারিখ ব্যবহার করতে হয়। শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে বয়স প্রমাণের জন্য শিশুর জন্ম নিবন্ধন সনদ বাধ্যতামূলক হওয়ায় অনেক অভিভাবক শিশুর জন্ম নিবন্ধন সনদের বয়স প্রয়োজনমত কমানো বা বাড়ানোর চেষ্টা করেন। ভর্তির সময়, ৫ম শ্রেণি তথা পূর্বের পিএসসি পরীক্ষার ফরম পূরণ, জেএসসি এবং এসএসসি পরীক্ষার নিবন্ধনের সময় বয়স পরিবর্তনের প্রবনতা লক্ষ্য করা যায়। ফলে শিশুদের স্কুলে ভর্তি, পিএসসি, ষষ্ঠ শ্রেণীতে ভর্তি, জেএসসি এবং এসএসসি পরীক্ষার নিবন্ধনের সময় বয়স সংশোধনের বিপুল পরিমাণ আবেদন নিবন্ধক কার্যালয়গুলোতে জমা হয় যা জন্ম ও মৃত্যু নিবন্ধন সিস্টেমের (BDRIS) উপর ব্যাপক চাপ সৃষ্টি করছে। সরকার ইতোমধ্যে প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের শিক্ষার্থীদের ইউনিক আইডি (Unique ID) প্রদানের কার্যক্রম শুরু করেছে। এ ইউনিক আইডি পরবর্তীতে NID বা জাতীয় পরিচয়পত্র নম্বর হিসেবে ব্যবহৃত হবে। কিন্তু জন্ম নিবন্ধন সনদে উল্লিখিত জন্ম তারিখ বারবার সংশোধনের এই প্রবণতা ইউনিক আইডি প্রদান কার্যক্রমকে ব্যাহত করছে। জন্ম ও মৃত্যু নিবন্ধন ডাটাবেজের শুদ্ধতা আনয়নের জন্য জন্ম নিবন্ধন সনদে জন্ম তারিখ পরিবর্তনের অনৈতিক প্রবণতা বন্ধ করে জন্ম নিবন্ধনের তারিখ অপরিবর্তনীয় রাখা অতীব প্রয়োজন।

৩। বর্ণিতাবস্থায়, মাদ্রাসা ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সময় ভর্তি সংশ্লিষ্ট কাগজপত্রে শিক্ষকগণ যাতে শিশুর অনলাইন জন্ম নিবন্ধন অনুসারে জন্ম তারিখ লিপিবদ্ধ করেন এবং উক্ত শিক্ষা প্রতিষ্ঠান হতে শিক্ষা ছাড়পত্র প্রদানের সময় ছাড়পত্রের সনদে ভর্তির সময় প্রদত্ত জন্ম তারিখ যাতে উল্লেখ করা হয় সে মর্মে আপনার মন্ত্রণালয়ের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনার ব্যক্তিগত সহযোগিতা কামনা করছি।

২৯।০১।২৩
মুহম্মদ ইব্‌রাহিম
সচিব

জনাব মোঃ কামাল হোসেন
সিনিয়র সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

ভবন ০৭ (৭ম তলা), কক্ষ ৬০২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০
ফোন: +৮৮ ০২ ৯৫১৪৪৭৮ ফ্যাক্স: +৮৮ ০২ ৫৫১০১৩১৩
ই-মেইল: lgsecretary@lgd.gov.bd ওয়েব: www.lgd.gov.bd